

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৪.০৩.০০১.১৬- ৪০(৭৯)


তারিখঃ ১৫ বৈশাখ ১৪২৩ বঃ
২৮ এপ্রিল ২০১৬ খ্রিঃ

বিষয় : নিরাপত্তা কারারক্ষি নির্বাচন প্রক্রিয়া আরম্ভকরণ প্রসংগে।

প্রিজন্স সিকিউরিটি ইউনিটে নিযুক্তির লক্ষ্যে (PSU) কারারক্ষীদের প্রশিক্ষণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নিম্ন লিখিত শর্ত মোতাবেক PSU প্রশিক্ষণের নিমিত্তে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক কারারক্ষীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে :

- ক। চাকুরীর অভিজ্ঞতা কমপক্ষে ০৫ বছর (১ জুলাই ২০১৬)
- খ। বয়স সর্বোচ্চ ৩৫ বছর। (০১ জুলাই ২০১৬)
- গ। মৌলিক প্রশিক্ষণ সম্পন্নকৃত। (প্রশিক্ষণের নাম, স্থান, মেয়াদ উল্লেখ করতে হবে।)
- ঘ। সার্ভিস রেকর্ড স্বচ্ছ (অভিযোগ/শাস্তি নেই)। কোন অভিযোগ তদন্তাধীন নাই, মামলা চলমান নাই মর্মে জেল সুপার/সিনিয়র জেল সুপার সনদ প্রদান করবেন।
- ঙ। ন্যূনতম SSC পাশ।
- চ। শারীরিকভাবে যোগ্য (স্থূল নয়)।
- ছ। ভাল আচরণের (Attitude) অধিকারী হতে হবে।

আবেদন পত্র ওয়েবসাইট হতে ডাউনলোড করে নিতে হবে। আগামী ০৫-০৫-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন ই-মেইল/ফ্যাক্স যোগে প্রেরণ করতে হবে (ফ্যাক্স নং-৫৭৩০০৫১৩, ই-মেইল নং- prison_dte@yahoo.com)। যে কোন কারাগার হতে যে কোন সংখ্যায় আবেদন পাঠানো যাবে। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের আগামী ১৩-০৫-২০১৬ খ্রিঃ তারিখে নির্বাচনী পরীক্ষায় (লিখিত, মৌখিক, ব্যবহারিক) অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী ০৪-০৬-২০১৬ খ্রিঃ হতে ছয় সপ্তাহব্যাপী প্রশিক্ষণ কোর্সে নিয়োজিত করা হবে। সাফল্যের সাথে কোর্স সম্পন্নকারীদেরকে প্রশিক্ষণের ফলাফল এর উপর ভিত্তি করে PSU এর সদস্য হিসেবে পরবর্তীতে নিয়োগ দেয়া হবে।



(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারি কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৫১৩ (দপ্তর)।

- ১। কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। কমান্ড্যান্ট
কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী।
- ৩। সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা
প্রিজন্স সিকিউরিটি ইউনিট
কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক
কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত সহকারী
প্রশাসন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা

PSU প্রশিক্ষণে অংশগ্রহণের আবেদন ফরম

ক।	নাম	:
খ।	পদবী ও নম্বর	:
গ।	পিতার নাম	:
ঘ।	মাতার নাম	:
ঙ।	কর্মরত কারাগারের নাম	:
চ।	চাকুরীতে যোগদানের তারিখ এবং ১ জুলাই ২০১৬ খ্রিঃ তারিখে কর্মকাল	:
ছ।	জন্ম তারিখ এবং ১ জুলাই ২০১৬ খ্রিঃ তারিখে বয়স	:
জ।	শিক্ষাগত যোগ্যতা	:
ঝ।	মৌলিক প্রশিক্ষণের মেয়াদ (হইতে- পর্যন্ত) এবং প্রশিক্ষণের স্থান	:
ঞ।	উচ্চতা ও ওজন	:

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

আবেদনকারীর সার্ভিস রেকর্ড স্বচ্ছ (অভিযোগ/শাস্তি নেই)। তার বিরুদ্ধে কোন অভিযোগ তদন্তাধীন নাই, মামলা চলমান নাই। সে শারীরিকভাবে যোগ্য (স্থূল নয়) ও ভাল আচরনের (Attitude) অধিকারী।

সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক
এর প্রতিস্বাক্ষর ও তারিখ